

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৯৭১ হাঁচি ও তার জবাবদান পরিচ্ছেদঃ ৪৩৭- (দুনিয়া কতই না তুচ্ছ)।

আরবী

حَدَّتَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ اللهِ قَالَ: حَدَّتَنِي الدَّرَاوَرْدِيُّ، عَنْ جَعْفَرٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم مَرَّ فِي السُّوقِ دَاخِلاً مِنْ بَعْضِ الْعَالِيَةِ وَالنَّاسُ كَنَفَيْهِ، فَمَرَّ بِجَدْي أَسَكَّ، فَتَنَاوَلَهُ فَأَخَذَ بِأُذُنِهِ ثُمَّ قَالَ: أَيُّكُمْ يُحِبُّ أَنَّ هَذَا الْعَالِيَةِ وَالنَّاسُ كَنَفَيْهِ، فَمَرَّ بِجَدْي أَسَكَّ، فَتَنَاوَلَهُ فَأَخَذَ بِأُذُنِهِ ثُمَّ قَالَ: أَيُّكُمْ يُحِبُّ أَنَّ هَذَا لَهُ بِدِرْهَمٍ فَقَالُوا: مَا نُحِبُ أَنَّهُ لَنَا بِشَيْءٍ، وَمَا نَصْنَعُ بِهِ وَاللَّهِ بَهِ قَالَ: أَتُحِبُّونَ أَنَّهُ لَكُمْ وَاللَّهِ، لَوْ كَانَ حَيًّا لَكَانَ عَيْبًا فِيهِ أَنَّهُ أَسَكُ، وَالأَسكُّ: الَّذِي قَالَ ذَلِكَ لَهُمْ ثَلاَتًا، فَقَالُوا: لاَ وَاللَّهِ، لَوْ كَانَ حَيًّا لَكَانَ عَيْبًا فِيهِ أَنَّهُ أَسَكُ، وَالأَسكُّ: الَّذِي لَيْسَ لَهُ أَذُنَانِ، فَكَيْفَ وَهُوَ مَيِّتُ وَاللَّهِ، لَوْ كَانَ حَيًّا لَكَانَ عَيْبًا فِيهِ أَنَّهُ أَسَكُ مَنْ هَذَا عَلَيْكُمْ.

বাংলা

৯৭১। জাবের (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উভয় পাশে লোক পরিবেষ্টিত অবস্থায় কোন এক উচ্চভূমি দিয়ে একটি বাজার অতিক্রম করছিলেন। পথিমধ্যে তাঁর সামনে ক্ষুদ্র কানবিশিষ্ট একটি মৃত ছাগলছানা পড়লো। তিনি সেটির কান ধরে বলেনঃ তোমাদের কেউ এক দিরহামের বিনিময়ে এটি পেতে আগ্রহী হবে কি? তারা বলেন, কোন কিছুর বিনিময়ে এটি পেতে আমরা আগ্রহী নই। আমরা এটি দিয়ে কি করবো? তিনি বলেনঃ তোমরা কি (বিনামূল্যে) এটি নিতে আগ্রহী হবে? তারা বলেন, না। তিনি তাদেরকে তিনবার একথা জিজ্ঞেস করেন। তারা বলেন, আল্লাহর শপথ! না। জীবিত হলেও তো তা ক্রটিপূর্ণ হতো। কারণ তা কানবিহীন। (রাবী বলেন) "দুই কানবিহীন পশুকে 'আসারু' বলে" (ইমাম নববী অর্থ করেছেন "ক্ষুদ্র কানবিশিষ্ট")। অতএব মৃত হওয়াতে তা তো আরো মূল্যহীন। তিনি বলেনঃ আল্লাহর শপথ। এটি তোমাদের নিকট যতোখানি তুচ্ছ, দুনিয়াটা আল্লাহর কাছে তার চেয়েও অধিক তুচ্ছ। (মুসলিম, আবু দাউদ, আহমাদ)

English

Jabir ibn 'Abdullah reported that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, passed through the market, entering from part of the high part of the city and the people were on both sides of him. He passed by a dead one-eared goat and reached out and took its ear. Then he said, "Who would like to buy this for a dirham?" They said, "Why would we want it when



it is worthless? What would we do with it?" He said, "Would you like to have it?" "No," they replied. He asked them that three times and they said, "No, by Allah! If it were alive, it would have a defect as it only has one ear. Why would we want it when it is dead?" The Prophet said, "By Allah, this world is less in the sight of Allah than this goat is to you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন